

শিখন্ডীর প্রতি

অশোক সাহা

(উৎসর্গ : ইন্টারনেটের এক নারীবেশী পুং রণযোদ্ধাকে)

শিখন্ডী নাকি বৃহন্নলা, বুঝতে ব্যর্থ আমি
শুধু বুঝেছি তোমারে মম, হে বিদুষী লেখিকা।

নারী বেশের আড়ালে লুকিয়ে কত কুৎসা বেরিয়েছে
তোমার কী-বোর্ড আর মাদার বোর্ড থেকে
লেখার গদাঘাতে দেশের মাদারেরা অঙ্কা পেয়ে গেল,
দূর থেকে গর্ভবতীও হয়ে গেল কোন কোন কুমারী
তোমার নিষ্কিণ্ড অর্গাজমিক গোলায়।

কত ভীষ্মরা ত্যাগ করল যুদ্ধের ময়দান,
তোমার শিখন্ডী রূপে স্ত্রীমাণ
বেঁচে রইলে শুধু তুমি হে বলীয়ান,
মহা পালোয়ান এক ঋষি, ক্লীবরূপী অর্জুন তুমি,
অয়ি বৃহন্নলে!